গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি
(www.chtdb.gov.bd)

## পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর শুদ্ধাচার ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৩) নৈতিকতা কমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী

স্থানঃ সম্মেলন কক্ষ-কর্ণফুলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

তারিখঃ ২৮/০৫/২০২৩ খ্রি. তারিখ রবিবার

সময়ঃ বেলা ১২.৩০ টা

সভাপতিঃ জনাব নিখিল কুমার চাকমা, চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

০২। সভায় উপস্থিত সংশ্লিষ্ট উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট 'ক'

০৩। সভাপতি সভার শুরুতে নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং গত ৩০ জানুয়ারি, ২০২৩খ্রি. তারিখ সোমবার অনুষ্ঠিত নৈতিকতা কমিটি ৩য় সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য-বাস্তবায়ন পক্ষে বোর্ডের গবেষণা কর্মকর্তাকে অনুরোধ জানান। অতঃপর সভাপতি অনুমতিক্রমে গবেষনা কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয় এবং নিম্নে বর্ণিত আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১ | অভিযোগ নিষ্পত্তি জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপর অর্পিত দায়িত্বাবলী | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। দায়িত্ব অবহেলার দায়ে কারোর প্রতি কোন অভিযোগ আছে কি না সেবিষয় বোর্ডের ভাইস চেয়ারম্যান মহোদয় জানতে চান। এর প্রশ্নের জবাবে সদস্য প্রশাসন অবহিত করেন যে, বোর্ডের কারোর প্রতি কোন লিখিত অভিযোগ পাওয়া যায়নি। ভবিষ্যতে সুনির্দিষ্ট কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুততার সাথে নিষ্পত্তির জন্য সদস্য প্রশাসনকে অনুরোধ জানানো হয়। | কর্মকর্তা/কর্মচারীদের উপর ভবিষ্যতে সুনির্দিষ্ট কোন অভিযোগ থাকলে দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে। | ১। সদস্য-প্রশাসন<br>২। শাখা/অধিশাখা প্রধান (সকল)। |
| ৩.২ | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর নৈতিকতা কমিটি | বিগত ২১ আগষ্ট, ২০১৩ খ্রি. তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি প্রতি তিন মাস অন্তর সভা আহবান করা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। | নৈতিকতা কমিটি প্রতি তিন মাস অন্তর সভার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। ফোকাল পয়েন্ট ২। নৈতিকতা কমিটির |
| ৩.৩ | শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমুহ চিহ্নিতকরণ ও সমাধানে আলোচনা অনুষ্ঠান | শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায়সমূহ চিহ্নিত করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া অফিসের রুটিন দায়িত্ব ছাড়াও আগত সেবা গ্রহীতাদের সাথে সুন্দর আচরণের মাধ্যমে সেবা দিতে হবে মর্মে সংশ্লিষ্ট সকলের প্রতি ভাইস চেয়ারম্যান মহোদয় আহবান জানান। | অফিসের রুটিন দায়িত্ব ছাড়াও সেবা গ্রহীতাদের সাথে সুন্দর আচরণের মাধ্যমে সেবা দিতে হবে। | ১। বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী (সকল) |
| ৩.৪ | দক্ষতা উন্নয়ন | সদস্য প্রশাসন বলেন যে, বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির আগামী ০৬/০৬/২০২৩খ্রি তারিখ মঙ্গলবার এপিএ-তে অন্তর্ভূক্ত সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত ১দিন ব্যাপী অভ্যন্তরীণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে মোট ৪০ জন কর্মকর্তা/কর্মচারী অংশগ্রহণ করবে। এবিষয়ে ভাইস চেয়ারম্যান বলেন , প্রশিক্ষণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে সদস্য প্রশাসনকে অনুরোধ জানান। | প্রশিক্ষণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। সদস্য প্রশাসন<br>২। সংশ্লিষ্ট সকল |
| ৩.৫ | কর্মকর্তা/কর্মচারীদের মূল্যায়ন ও পুরস্কার প্রদান। | বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের যথাযথভাবে কর্মমূল্যায়ন পূর্বক শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে ভাইস চেয়ারম্যান মহোদয় সদস্য প্রশাসনকে অনুরোধ জানান। | কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। সদস্য-প্রশাসন<br>২। নৈতিকতা কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৬ | ই-গভর্নেন্স সিস্টেম উন্নয়ন। | উপপরিচালক অবহিত করেন যে, ই-নথি ব্যবহারের মাধ্যমে দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা অর্জনের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে মর্মে উপপরিচালক সভাকে জানান। | ই-গভর্নেন্স সিস্টেমের উপর কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। সদস্য প্রশাসন<br>২। নৈতিকতা কমিটি |
| ৩.৭ | বাজেট বরাদ্দ | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রশাসন বাজেটে অন্তর্ভুক্ত শুদ্ধাচার অনুকূলে পর্যাপ্ত পরিমাণে অর্থ সংস্থান রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার অনুকুলে পর্যাপ্ত পরিমাণে অর্থ সংস্থান রাখতে হবে। | ১। সদস্য-প্রশাসন<br>২। নৈতিকতা কমিটি |
| ৩.৮ | কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও পরিবীক্ষণ কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রতি তিন মাস অন্তর সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতি তিন মাস অন্তর সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। ফোকাল পয়েন্ট<br>২। গবেষণা কর্মকর্তা |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আলোচিত ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ করার অনুরোধ জানিয়ে সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নিখিল কুমার চাকমা ২৯/০৫/২৩
চেয়ারম্যান
ফোনঃ ০২৩৩৩৩৭২৫০১

স্মারক নং-২৯.৩১.০০০০.০১০.০৬.০৪৩.২১- ৮৭২

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মে, ২০২৩খ্রি.

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সদস্য প্রশাসন/সদস্য অর্থ/সদস্য-পরিকল্পনা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২। প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলের টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান
৫। উপপরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা,পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
৬। জেনারেল ম্যানেজার (ভাঃপ্রাঃ), রাবার বাগান ব্যবস্থাপনা কমিটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি
৭। গবেষণা কর্মকর্তা/বাজেট ও অডিট অফিসার/সমন্বয় কর্মকর্তা/তথ্য অফিসার/সহকারী পরিচালক (অঃদাঃ)/পরিকল্পনা কর্মকর্তা (অ:দা:), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
৮। পি এ টু চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগিতর জন্য)
৯। পি এ টু ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (ভাইস চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগিতর জন্য)
১০। অফিস কপি।

২১/০৫/২৩

মোহাম্মদ হারুন-অর-রশীদ
(উপসচিব)
সদস্য-বাস্তবায়ন
ও
ফোকাল পয়েন্ট
ফোনঃ ০২৩৩৩৩৭২৪৯৪
ই-মেইলঃ mi@chtdb.gov.bd